গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

নজরুল বর্ষ

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.৪৪৮

তারিখ: ৩ কার্তিক ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

বিষয়: গাছ নিলামে বিক্রয়, কর্তন ও অপসারণের প্রশাসনিক অনুমোদন প্রসংগে।
সূত্র: ঝিনাইদহ টিএসসি পত্রের স্মারক নং- টিএসসি/ঝিনাই/প্রশা/২০২৬/৫৪৭, তারিখঃ ২৭/০৯/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে "কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রধান ফটক ও রাস্তা নির্মাণের স্থানে বিদ্যমান ০১ (এক) টি আম গাছ ও ০২ (দুই) টি কাঁঠাল গাছ কর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের প্রশাসনিক অনুমোদনের জন্য অধ্যক্ষের নিকট হতে প্রস্তাব পাওয়া গেছে।

উক্ত প্রস্তাবের সাথে জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ কর্তৃক গাছ কর্তন ও নিলাম কমিটির সুপারিশসহ জেলা কনডেমনেশন কমিটির সভার কার্যবিবরণীর কপি রয়েছে। জেলা প্রশাসক ঝিনাইদহ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে প্রধান ফটক ও রাস্তা নির্মাণের স্থানে বিদ্যমান ০১ (এক) টি আম গাছ ও ০২ (দুই) টি কাঁঠাল গাছ কর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের বিষয়ে সভায় সকলে একমত পোষন করেছেন **(কপি সংযুক্ত)**।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক সি/শা-১০/বিবিধ-০৪/২০০৩/১১৯ তারিখঃ ০৫/০২/২০০৩খ্রি. সংক্রান্ত পরিপত্রের নির্দেশনা ও জেলা প্রশাসকের পত্রের আলোকে সামাজিক বনায়ন জোন, ঝিনাইদহ কর্তৃক ঝিনাইদহ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রধান ফটক ও রাস্তা নির্মাণের স্থানে বিদ্যমান ০১ (এক) টি আম গাছ ও ০২ (দুই) টি কাঠাল গাছ সরেজমিনে পরিদর্শন পূর্বক **১৩,৬৩০/- (তের হাজার ছয়শত ত্রিশ)** টাকা প্রাক্কলিত মূল্য নির্ধারণ করেছেন **(কপি সংযুক্ত)**।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক সি/শা-১০/বিবিধ-০৪/২০০৩/১১৯ তারিখঃ ০৫/০২/২০০৩খ্রি: তারিখের এ সংক্রান্ত পরিপত্র অনুযায়ী ঝিনাইদহ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রধান ফটক ও রাস্তা নির্মাণের স্থানে বিদ্যমান ০১ (এক) টি আম গাছ ও ০২ (দুই) টি কাঁঠাল গাছকর্তন, নিলামে বিক্রয় ও অপসারণের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের ০৫/০২/২০০৩খ্রি. তারিখে জারীকৃত এ সংক্রান্ত পরিপত্র যথাযথ অনুসরণ করে পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-১০-২০২৬
মোঃ রেজাউল হক
পরিচালক ভোকেশনাল

অধ্যক্ষ
ঝিনাইদহ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঝিনাইদহ।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.৪৪৮/১ (৪)

তারিখ: ৩ কার্তিক ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। সংশ্লিষ্ট নথি।

১৯-১০-২০২৬
নাসরীন সুলতানা
সহকারী পরিচালক